Rs. 2.00 PRABINBARTA MONTHLY

# প্রবীণবার্তা

মূল্য ঃ ২ টাকা মাসিক

Vol : VII Issue :I,15th April , 2018 বৈশাখ,১৪২৫,বার্ষিক মূল্য-২০ টাকা RNI NO. WBBEN/2012/ 46375

আমাদের বিনম্র শ্রদ্ধাঞ্জলি



ডঃ বি. আর আম্বেদকর (১৮৯১ - ১৯৫৬)



শুভ নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা গ্রহণ করুন



১৪২৫ বঙ্গাব্দ

সংস্থার প্রতিষ্ঠা বার্ষিকী দিবসে শ্রী পরিতোষ বিশ্বাসকে সম্মাননা প্রদান করছেন সংস্থার সভাপতি শ্রী পেলব মুখার্জী

## ডাঃ বি. আর আম্বেদকর স্মরণে

অশোক রঞ্জন ধর

ভীমরাও আম্বেদকর ১৪ এপ্রিল ১৮৯১ সালে জন্মগ্রহণ করেন। পিতার নাম রামজী ও মাতা ভীমাবাঈ। ১৯০৬ সালে ১৫ বৎসর বয়সে তার বিয়ে হয় ৯ বৎসরের রমাবাঈয়ের সাথে। তিনি ছিলেন ধর্মে হিন্দু কিন্তু অন্ত্যজ বলে পরিগণিত দলিত (মাহার) সম্প্রদায়ের। সেজন্য প্রায় জীবনভর নানাপ্রকার অসুবিধার সম্মুখীন হয়েছেন।

তিনি অতীব মেধাবী ছিলেন। ১৯০৮ সালে ম্যাট্রিকুলেশন, ১৯১২ সালে বি.এ. পাশ করেন ও ১৯২৭ সালে আমেরিকার কলম্বিয়া বিশ্ববিদ্যালয় থেকে পি.এইচ. ডিগ্রী পান।

তিনি দলিত শ্রেণীর উন্নতির জন্য আজীবন সংগ্রাম করেছেন। তাদের জন্য বিভিন্ন ক্ষেত্রে সংরক্ষণের প্রবক্তা ছিলেন। "মুকনায়ক" নামে একটি সংবাদ পত্র প্রকাশ করেছিলেন। ডঃ আম্বেদকর ১৯৩৬ সালে ইন্ডিপেন্ডেন্ট লেবার পার্টি প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে সেটি সর্বভারতীয় সিডিউল কাষ্ট ফেডারেশনে পরিবর্তিত হয়। তথাকথিত অস্পৃশ্যদের গান্ধীজীর 'হরিজন' আখ্যা দেওয়ায় তিনি বিরোধী ছিলেন। কারণ তিনি বলতেন অস্পৃশ্যরাও অন্যান্য মানুষের মত একই সমাজের অন্তর্ভুক্ত।

পণ্ডিত জওহরলাল নেহেরুর মন্ত্রীসভার স্বাধীন ভারতের তিনি প্রথম আইনমন্ত্রী ছিলেন। ১৯৪৭ সালের ২৮শে আগষ্ট স্থায়ী সংবিধান রচনার জন্য ড্রাফটিং কমিটির তিনি চেয়ারম্যান ছিলেন। ১লা নভেম্বর ১৯৪৯ ভারত সরকার কতৃক সংবিধান গৃহীত হয় এবং ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী থেকে কার্য্যকরী হয়।

ডঃ আম্বেদকর ১৯৫০ সালে শ্রীলঙ্কায় এক বৌদ্ধ সম্মেলনে অংশগ্রহণ করেন এবং ফিরে এসে বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন। তাঁর প্রায় পাঁচ লক্ষ অনুগামী তাঁকে অনুসরণ করে বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন।

১৯৫৬ সালের ৬ ডিসেম্বর ভারত মাতার এই কৃতী সন্তান দিল্লীতে তাঁর বাসভবনে পরলোকগমন করেন।

১৯৯০ সালে ভারতীয় সংবিধানের জনক ডঃ ভীমরাও রামজী আম্বেদকর (যিনি বাবা সাহেব নামে বেশী পরিচিত) মরনোত্তর ভারতরত্ন সম্মানে ভূষিত হন।

## ১৩ই মার্চ ২০১৮ তারিখ ডাঃ নর্মান বেথুনের জন্ম বার্ষিকী ও সংস্থার প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানের বিবরণ।

১৩ই মার্চ ২০১৮ মঙ্গলবার ডাঃ নর্মান বেথুনের জন্মবার্ষিকী ও সংস্থার প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সংস্থার দ্বিতলে বিমল চ্যাটার্জী সভাগৃহে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। শ্রীমতি শিপ্রা ব্যানার্জীর উদ্বোধনী সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। বিগত বছরে বেথুন ইন্সটিটিউটের সদস্য এবং জয়া কারখানার শ্রমিক-কর্মচারীদের মধ্যে যারা প্রয়াত হয়েছে তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব পাঠ করেন শ্রী স্নেহাংশু চাকদার এবং তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়। সভায় সভাপতির আসন অলংকৃত করেন শ্রী পেলব মুখার্জী।

উপস্থিত সকলকে প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন ২০০৫ সালের ১৩ই মার্চ আন্তর্জাতিকতাবাদী ডাঃ হেনরী নর্মান বেথুনের নামে আমাদের প্রাক্তন সভাপতি শ্রদ্ধেয় বিমল চ্যাটার্জীর ঐকান্তিক প্রচেষ্টায় মানব সেবায় উদ্বুদ্ধ হয়ে আমরা গড়ে তুলেছি এই সংগঠনকে। পৃথিবীর ইতিহাসে যে সমস্ত মানবতাবাদী মনীষীরা জন্মগ্রহণ করেছিলেন তাদের মধ্যে ডাঃ হেনরী নর্মান বেথুন অবিস্মরণীয় একটি নাম যা আজও সারা পৃথিবী জুড়ে নতুন নতুন মানব প্রেরণার জন্ম দেয়। তার সাথে সংগতি রেখে বেথুন ইন্সটিটিউট অফ্ জেরিয়াট্রিকস রিসার্চ এন্ড রিহ্যাবিলিটেশন সেন্টার প্রতিষ্ঠিত হয়েছে আজ থেকে ১৩ বছর পূর্বে। ১৩ বছর অতিক্রান্ত হলেও নিত্যনতুন পরিকল্পনা করে গরীব নিম্নবিত্তদের মধ্যে মহান বেথুনের আদর্শ অনুসরণ করার স্পৃহা জাগরুক করার প্রচেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি। বিগত বছর Dr. Norman Bethune Clinic যেখানে অবস্থিত সেখানে নিজেদের অধিকার প্রতিষ্ঠা করার জন্য প্রায় ৪২ লক্ষ টাকা খরচ করেছি। ফিজিওথেরাপী সেন্টার ও আকুপাংচার সেন্টার আমরা প্রতিষ্ঠা করেছি। কিন্তু এখনও আশানুরূপ ফললাভ করা হয়ে ওঠেনি। আমাদের দুর্বলতা আছে ঠিকই কিন্তু আমাদের ভরসা আছে আপনাদের সবার সহযোগিতা ও অকৃপণ দানে আমরা এগিয়ে যেতে সক্ষম হব। আপনারা এগিয়ে আসুন, গড়ে তুলুন মহান বেথুনের আদর্শে অনুপ্রানিত হয়ে এই প্রতিষ্ঠানকে এগিয়ে যেতে। পরবর্তীতে উপস্থিত সকলকে প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে সহ-সভাপতি শ্রী গৌতম রায় চৌধুরী বলেন আজ থেকে ১৩ বছর পূর্বে শ্রদ্ধেয় বিমল দা, হরিদাস দার উদ্যোগে জয় ইউনিয়নের শ্রমিকদের ঐকান্তিক প্রচেষ্টায় বেথুন ইন্সটিটিউট প্রতিষ্ঠা করা হয়েছিল। এই সংস্থাকে সঠিক ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে আপনাদের সহযোগিতা নিয়ে আমরা কাজ করে যাচ্ছি। আশা করি আমরা আমাদের অভিষ্ঠ লক্ষ্যে পৌছাতে পারব। বর্তমানে জয় ইন্ডাষ্ট্রিয়াল কো-অপারেটিভের বাড়ীতে বেথুন ক্লিনিক চলছে। এ্যালোপ্যাথি ও হোমিওপ্যাথি ডাক্তারী পরিসেবার ব্যবস্থাও করা হয়েছে। কিন্তু ডাক্তারের অভাবে নিয়মিত ডাক্তারী পরিসেবা দেওয়া সম্ভব হচ্ছে না। তাছাড়া বাঁশদ্রোণী শাখায় ২জন হোমিও ডাক্তার বসেন।

তিনি পশ্চিমবাংলা সহ সারা দেশের বর্তমান পরিবেশ-পরিস্থিতি প্রসঙ্গে বলেন আমরা এক অস্থির অবস্থার মধ্যে দিয়ে চলেছি। এই পরিস্থিতি থেকে পরিত্রাণের চেষ্টা আমাদের করতে হবে।

আমরা প্রবীণ ব্যক্তিদের বিভিন্ন পরিসেবা দেওয়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। প্রবীণবার্তা নামে একটি মাসিক পত্রিকা নিয়মিত প্রকাশ করা হয়। তাছাড়া প্রবীণব্যক্তিদের স্বাস্থ্য পরিষেবা দেওয়ার লক্ষ্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির ও নানা বিষয়ে সেমিনারের আয়োজন করা হয়।

সবশেষে তিনি বলেন আপনাদের সাহায্য সহযোগিতা পেলে আমাদের অভিষ্ট লক্ষ্য বেথুন ক্লিনিককে একটি অর্থপেডিক হাসপাতালে পরিণত করা। আশা করি আপনাদের সাহায্য সহযোগিতা নিয়ে আমাদের এই লক্ষ্যপূরণ করতে সক্ষম হব।

শ্রী রামরমণ ভট্টাচার্য্য সকলকে প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে বলেন জয় ইউনিয়নের শ্রমিকদের ঐকান্তিক প্রচেষ্টার ফসল আমাদের এই সংস্থা। মাসিক মাত্র ১ টাকার বিনিময়ে জয় ইউনিয়ন এই বাড়ীটি আমাদের দিয়েছেন। তাদের ত্যাগের কথা ভাবা যায় না। প্রবীণ এবং শ্রমজীবি স্বল্প আয়ের মানুষদের স্বাস্থ্য পরিসেবাসহ অন্যান্য বিষয়ে সাহায্য করার লক্ষ্য নিয়ে আমাদের এই সংস্থা গড়ে তোলা হয়েছে। আপনাদের সাহায্য নিয়ে আমরা আমাদের কাজ চালিয়ে যাচ্ছি। অদ্য ১৩ মার্চ ডাঃ নর্মান বেথুনের জন্ম বার্ষিকী ও সংস্থার প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে প্রতি বছরই সমাজের বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য কয়েকজন প্রবীণ ব্যক্তিকে সম্মাননা জানানো হয়। এবছর ৩ জনকে সম্মাননা জানানো হবে। তারা হলেন শ্রী ধ্রুবরঞ্জন সেনগুপ্ত, শ্রী পরিতোষ বিশ্বাস এবং শ্রী গোপীনাথ সাহা।

তারপর শুরু হয় সম্মাননা প্রদান অনুষ্ঠান। একে একে শ্রী ধ্রুবরঞ্জন সেনগুপ্ত, শ্রী পরিতোষ বিশ্বাস এবং শ্রী গোপীনাথ সাহা-এর হাতে ফুলের তোড়া, মেমেন্টো, মানপত্র ইত্যাদি প্রদান করে সম্মাননা প্রদান করেন সভাপতি শ্রী পেলব মুখার্জী। যে তিনজনকে সম্মাননা প্রদান করা হয় তারা তাদের সংক্ষিপ্ত বক্তব্যে বেথুন ইন্সটিটিউটের কাজের প্রশংসা করেন এবং এর সাথে সক্রিয়ভাবে যুক্ত থাকার ইচ্ছা প্রকাশ করেন।

সবশেষে শুরু হয় সঙ্গীতানুষ্ঠান। প্রথমে সঙ্গীত পরিবেশন করেন ডাঃ কৃষ্ণা হালদার। পরবর্তীতে সঙ্গীত পরিবেশন করেন শ্রী জয়ন্ত ব্যানার্জী, তাকে হারমোনিয়ামে সংগত দেন শ্রীমতি সুপ্রিয়া ব্যানার্জী। সঙ্গীতের পর আবৃত্তি পরিবেশন করেন শ্রীমতি পুতুল মৈত্র। ধন্যবাদ জ্ঞাপক বক্তব্য রাখেন শ্রী স্নেহাংশু চাকদার এবং অনুষ্ঠান পরিচালনায়ও ছিলেন স্নেহাংশু চাকদার।

## ডাক্তার - রোগী সম্পর্ক ভাল হোক

ডাঃ মৃগেন গাঁতাইত

ডাক্তার রোগী সম্পর্ক নিয়ে আজকাল অনেকের মনে প্রশ্ন জাগছে। এরকম একটা ধারণা তৈরি হচ্ছে যে ডাক্তাররা অর্থপিশাচ, দায়িত্বজ্ঞানহীন, অমানবিক। এই ধারণার নিশ্চয়ই কিছু ভিত্তি আছে। কিন্তু ধারনাটা পুরোপুরি ঠিক নয়। মিডিয়া এবং সরকার এরকম একটা ধারনাকে উস্কে দিয়েছে।

বর্তমান আর্থসামাজিক অবস্থার দরুন এই পরিস্থিতি তৈরি হয়েছে। সরকারীভাবে চিকিৎসা প্রদানের অপ্রতুলতা, সেই শূন্যস্থানে ধনী চিকিৎসা ব্যবসায়ীদের সুযোগী উপস্থিতি সমস্যাকে প্রকট করছে। কেবলমাত্র মুনাফার জন্য চিকিৎসা ব্যবসাকে (স্বাস্থ্যব্যবস্থাকে নয়) ব্যবহার করছে ধনী ব্যবসায়ী শ্রেণী। তারা অন্যান্য ব্যবসার মতই চিকিৎসা ব্যবসাকে কেবলমাত্র লাভের ক্ষেত্র হিসাবে বিচার করছে। তাই ডাক্তারির সঙ্গে মানসিকতার যে একটা স্বাভাবিক উপাদান থাকে তা আর থাকছে না। খাবারে ভেজাল দিয়ে ব্যবসায়ীরা মুনাফা করে, তেমনি চিকিৎসা ব্যবসায় মানুষকে ঠকিয়ে মুনাফা করছে। খাবারে ভেজাল দিলে হঠাৎ খুব ক্ষতিহয় না, কিন্তু চিকিৎসায় অসাধু উপায় নিলে ধন এবং জীবন-দুটোরই প্রবল ক্ষতি হতে পারে। তখনই প্রবল প্রতিক্রিয়া হয়।

এই অবস্থায় সাধারণ মানুষের কিছু করণীয় আছে। নিজ নিজ এলাকায় জেনারেল প্র্যাক্টিশনারের (জিপি) উপর ক্রমশঃ আস্থা রাখুন, তাদের পরামর্শ মেনে চলুন, আর্থিক ক্ষমতা আছে বলেই সাধারণ রোগে স্পেশালিস্টের কাছে ছুটবেন না। জিপি যখন বুঝবেন তখন তিনিই স্পেশালিস্টের কাছে পাঠাবেন। জিপি-র উপর যদি ভরসা রাখেন তাহলে তিনিও আপনাকে প্রকৃত বন্ধু হিসাবে সুপরামর্শ দেবেন। জিপি যদি রোগী পাঠান, তখন স্পেশালিস্টও অহেতুক পরীক্ষা নিরীক্ষা করাবেন না, কারণ স্পেশালিষ্ট বুঝবেন যে তিনি যা করছেন তা আরেকজন ডাক্তার কর্তৃক বিশ্লেষিত হবে।

চিকিৎসা পেশায় ব্যর্থতা হতে পারে, দুর্ঘটনা হতে পারে। সে সম্বন্ধে সজাগ থাকা অবশ্যই কর্তব্য। সেটাকে বড় করে দেখানো উচিৎ নয়। সরকারের উচিৎ সমস্যাকে সঠিক দৃষ্টি ভঙ্গিতে দেখা। ক্ষুদ্র রাজনৈতিক স্বার্থে ভীতি জাগিয়ে, সন্দেহ জাগিয়ে, চিকিৎসা ব্যবসায়ীদের সঙ্গে অসাধু আঁতাত করলে সমস্যা জটিলতার হবে। কলকাতায় বছরে ট্রাফিক অ্যাক্সিডেন্টে প্রায় হাজার খানেক মানুষের মৃত্যু হয়। তাহলে তো কোন মানুষের উচিৎ হবে না রাস্তায় বেরোনো। বাস্তবে তা সম্ভব নয়।

## সম্পাদকীয়

প্রিয় বন্ধু ও সাথীগণ - আপনারা সবাই শুভ নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা নেবেন। আশাকরি সবাই কুশলে আছেন। ক্রমবর্ধমান গ্রীষ্মের দাবদাহে সুস্থ থাকতে চেষ্টা করবেন। বেসরকারি ক্ষেত্রে চিকিৎসার ব্যয় সাধারণের ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। প্রবীণদের জন্য সরকারী হাসপাতালে জেরিয়াট্রিক বিভাগের পৃথক ব্যবস্থার কথা নীতিগত ভাবে থাকলেও সর্বত্র তা সমানভাবে এখনও চালু হয়নি।

সেকারণে প্রয়োজনে সংস্থা পরিচালিত চিকিৎসাকেন্দ্রগুলির সাহায্য নিতে দ্বিধা করবেন না।

গত ১৩ই মার্চ আমাদের সংস্থার ১৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। আর ২৪শে মার্চ আমাদের প্রতিষ্ঠাতা সভাপতি বিমল চ্যাটার্জী ও কমরেড হরিদাস মালাকার এর প্রয়াণ বার্ষিকী উপলক্ষে স্মারক বক্তৃতা দেন ডঃ রবীন্দ্রনাথ ভট্টাচার্য। বিষয় ছিল "পরিবেশ ও অর্থনীতি"

চৈত্র অবসানের সঙ্গে সঙ্গে ১৪২৪ বঙ্গাব্দকে পিছনে ফেলে সকল হতাশা ও নৈরাশ্যকে দূরে ঠেলে নূতন বৎসরকে সাদরে বরণ করছি। সু-স্বাগতম। ১৪২৫

আসুন সবাই নতুন বছরে আনন্দে থাকি।

## -ঃ বিজ্ঞপ্তি ঃ-

১এপ্রিল থেকে ২০১৮-১৯ সালের সদস্যপদ নবীকরণ শুরু হয়েছে। সদস্যপদের জন্য ৫০ টাকা জমা দিয়ে অনতিবিলম্বে নবীকরণের জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদান্তে -

পেলব মুখার্জী
সভাপতি

| ক্রমিক নং | নাম | ঠিকানা | টাকা |
|---|---|---|---|
| | | পূর্বে প্রকাশিত অনুদান | ৪,১৯,০৫১.০০ |
| ১) | শ্রী মৃণাল দত্ত | পিপ্‌লস্ রিলিফ কমিটি, ৩/৮০ চিত্তরঞ্জন কলোনী, কোলকাতা -৩২ | ২,০০০.০০ |
| ২) | শ্রী নির্মল সমাদ্দার | পোদ্দার নগর, কোলকাতা - ৭০০ ০৬৮ | ১,০০০.০০ |
| ৩) | শ্রী ধ্রুবরঞ্জন সেনগুপ্ত | বাঘাযতীন কলোনী, কোলকাতা - ৭০০ ০৩২ | ২৫০.০০ |
| ৩) | শ্রী পেলব মুখার্জী | ১৬এ নেপাল ভট্টাচার্য, ১ম লেন, কোলকাতা - ২৬ | ২০০.০০ |
| | | | মোট - ৪,২২,৫০১.০০ |

Printed by Intergraphics, Published by Dipesh Mitra on behalf of Bethune Institute of Geriatrics Research & Rehabilitation Centre Ph. : 033 2473 9642, 9674553477 and printed at Intergraphics 1/15A, Prince Gulam Md. Road, Kolkata - 700 026 and Published at 392A, Prince Anwar Shah Road, Kolkata - 700 045, Editor - Sri Dipesh Mitra.
E-mail- bethune.geriatrics@gmail.com.Website : bethunegeriatrics.in